

মেমো নং-১০৯২/বি. স্টা./বিবিএ প্রথম বর্ষ ভর্তি পরীক্ষা-২০১৮-১৯/৩৪

তারিখ : ১৮/১১/২০১৮

ওয়ার্ড কোটার নোটিশ

বিজনেস স্টাডিজ অনুষদ ও আইবিএ (ইউনিট-বি) বিবিএ প্রথমবর্ষ ভর্তি পরীক্ষা ২০১৮-২০১৯ -এর ওয়ার্ড (WQ) কোটায় পাশকৃত ছাত্র/ছাত্রীদের তালিকা প্রকাশ করা হল। পাশকৃত ছাত্র/ছাত্রীদের কোটায় ভর্তির জন্য ডীন, বিজনেস স্টাডিজ অনুষদ, রাজশাহী বিশ্ববিদ্যালয়, রাজশাহী বরাবর আগামী ২৪/১১/২০১৮ তারিখের মধ্যে আবেদন করতে হবে। সাক্ষাৎকারে অংশ গ্রহণের জন্য আবেদনপত্রের সাথে কোটার স্বপক্ষে প্রয়োজনীয় কাগজপত্রের সত্যায়িত ফটোকপি ও মোবাইল নম্বর দিতে হবে। ওয়ার্ড (শিক্ষক/কর্মকর্তা/কর্মচারীর পুত্র/কন্যা) কোটায় পাশকৃত ছাত্র/ছাত্রীদের আগামী ২৫/১১/২০১৮ তারিখ সকাল ১০.০০ (দশ) টায় ডীন, বিজনেস স্টাডিজ অনুষদ অফিস (ডীন কমপ্লেক্স ভবন তৃতীয় তলা) কক্ষে সাক্ষাৎকার গ্রহণ করা হবে। সাক্ষাৎকার শেষে প্রার্থীদের ভর্তির জন্য বিভাগ অনুযায়ী চূড়ান্ত তালিকা প্রকাশ করা হবে এবং ভর্তির তারিখ জানানো হবে। প্রকাশিত ফলাফলে কোন ভুল-ত্রুটি পরিলক্ষিত হলে অনুষদের সংশোধন/বাতিল করার ক্ষমতা থাকবে।

(ক) Subject Choice Form পূরণ না করে থাকলে ২৫/১১/২০১৮ তারিখে অনুষ্ঠিতব্য সাক্ষাৎকারে অংশ গ্রহণ করা যাবে না।

(খ) সাক্ষাৎকার গ্রহণের সময় প্রার্থীকে নিম্নে উল্লিখিত কাগজপত্র অবশ্যই সঙ্গে আনতে হবে :-

- (১) পরীক্ষা হলে পরিদর্শক কর্তৃক স্বাক্ষরিত প্রবেশপত্র।
- (২) Subject Choice Form এর প্রিন্ট আউট কপি।
- (৩) এস.এস.সি./সমমান ও এইচ.এস.সি./সমমান পরীক্ষার মূল মার্কশীট।
- (৪) এইচ.এস.সি. মূল রেজিস্ট্রেশন কার্ড।

(গ) নির্ধারিত তারিখ ও সময়ে সাক্ষাৎকারে অনুপস্থিত ছাত্র/ছাত্রীদের পরবর্তীতে কোনক্রমেই সাক্ষাৎকার গ্রহণ করা হবে না এবং ভর্তির যোগ্যতা বাতিল বলে গণ্য হবে।

(ঘ) সাক্ষাৎকার গ্রহণের পর ভর্তির জন্য চূড়ান্ত তালিকা ২৬/১১/১৮ তারিখে www.ru.ac.bd-তে প্রকাশ করা হবে।

(ঙ) ভর্তি শুরু : ২৫ নভেম্বর ২০১৮, ভর্তির শেষ তারিখ ১০ জানুয়ারী ২০১৯

(চ) ক্লাশ শুরু : ২১ জানুয়ারী ২০১৯



(প্রফেসর ড. এম. হুমায়ুন কবীর)

চীফ কো-অর্ডিনেটর, ইউনিট- B

বিবিএ প্রথম বর্ষ ভর্তি পরীক্ষা কমিটি-২০১৮-১৯

ও

অধিকর্তা, বিজনেস স্টাডিজ অনুষদ

রাজশাহী বিশ্ববিদ্যালয়, রাজশাহী।